

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯১(আগরতলা, ১৪।৬)
বিশালগড়, ১৪ জুন ২০১৮

বিশালগড়ে ১৫-১৮ জুন রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তী

বিশালগড় সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আগামী ১৫জুন থেকে ১৮জুন বিশালগড় পুর পরিষদ কার্যালয় সংলগ্ন সংস্থার সংস্কৃতি অঙ্গণ-এ অনুষ্ঠিত হবে মহকুমা ভিত্তিক রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তী উৎসব। চারদিন ব্যাপী এই উৎসবে থাকবে বিভিন্ন বিভাগে আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, কুইজ ও বসে আঁকো প্রতিযোগিতা। ১৫ জুন বিকাল ৩টায় হবে রবীন্দ্র ও নজরুল কবিতার আবৃত্তি প্রতিযোগিতা। এর পর হবে ১০-১৪ বছর বয়সী ছেলেমেয়েদের মধ্যে রবীন্দ্র, নজরুল ও সাধারণ জ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা। ১৬ জুন বিকাল ৩টা থেকে শুরু হবে রবীন্দ্র সঙ্গীত ও নজরুল গীতি প্রতিযোগিতা। ১৭ জুন সকাল ৯টা থেকে শুভদীপ হলে অনুষ্ঠিত হবে বসে আঁকো প্রতিযোগিতা। বিকাল ৩ টায় সংস্কৃতি অঙ্গণে হবে রবীন্দ্র-নজরুল নৃত্য প্রতিযোগিতা ও ১৮ জুন উৎসবের শেষ দিন বিকাল ৪ টায় হবে যোগ ব্যায়াম প্রদর্শনী। বিকেলে হবে রবীন্দ্র, নজরুল ও সাধারণ জ্ঞানের ওপর ১৪ থেকে ১৮ বছর বয়সী ছেলেমেয়েদের মধ্যে কুইজ প্রতিযোগিতা। সন্ধ্যা ৬টায় হবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এছাড়াও থাকবে স্থানীয় ও রাজ্যের খ্যাতনামা শিল্পীদের দ্বারা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।
